00 ৩৭

দৈনিক ইত্তেফাক

তারিখ 24 JUL 1996
পৃষ্ঠা ২ কলাম ১

# নকল ধরায় ম্যাজিষ্ট্রেটের গাড়ীতে অগ্নিসংযোগ

কিশোরগঞ্জ সংবাদদাতা ॥ গতকাল (মঙ্গলবার) করিমগঞ্জ কলেজ কেন্দ্রে নকল করার অভিযোগে কর্তব্যরত মেজিষ্ট্রেটের নির্দেশে এক জন ছাত্র নেতার নকল ধরা হইলে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## নকল ধরায়

(১ম পৃঃ পর)

তাহার নেতৃত্বে একদল বহিরাগত মেজিষ্ট্রেটের সরকারী গাড়ীতে (ঢাকা-মেট্রো-ঘ-১১-০৪১৭) পেট্রোল ঢালিয়া অগ্নিসংযোগ করে। ফলে গাড়ীটি সম্পূর্ণ পুড়িয়া যায়। পরে, তাহারা মেজিষ্ট্রেট হামিদুর রহমান খান ও কর্তব্যরত পুলিশের উপর ইটপাটকেল নিক্ষেপ করিলে মেজিষ্ট্রেট, ২ জন এসআই ও ২ জন কনষ্টেবল গুরুতর আহত হন। করিমগঞ্জের টিএনও জানান কলেজের অধ্যক্ষ এ ব্যাপারে থানায় মামলা দায়ের করিয়াছে।